

Meeting between Prime Minister Shri Narendra Modi and Vice President Kamala Harris of the USA

September 23, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস-এর বৈঠক

সেপ্টেম্বর 23, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী তাঁর মার্কিন যুক্তরাষ্ট্র সফরকালে গতকাল ওয়াশিংটনে মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এর সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছিলেন।

তাঁদের মধ্যে প্রথম বৈঠকে উভয়েই সন্তোষ প্রকাশ করেছেন। তাঁরা চলতি বছরের জুন মাসের প্রথম দিকে টেলিফোনে কথোপকথনের কথা স্বরণ করেছেন। এদিনের বৈঠকে আফগানিস্তান সহ বিশ্বের বর্তমান পরিস্থিতি নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে।

বিশ্বের সার্বিক উন্নয়ন সহ ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পরিস্থিতি নিয়ে তাঁদের মধ্যে মত বিনিময় হয়েছে।

উভয় দেশের নেতা তাঁদের দেশের কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। এই অতিমারি মোকাবিলায় টিকাকরণ সহ ওষুধ সরবরাহ এবং স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে সহযোগিতামূলক পদক্ষেপের গুরুত্বের কথা উভয় দেশের নেতা স্বীকার করেছেন। প্রধানমন্ত্রী ভারতে অচিরাচরিত শক্তির অগ্রগতি এবং জাতীয় হাইড্রোজেন মিশনের কথা উল্লেখ করেছেন। তিনি পরিবেশ গত ক্ষেত্রে ধারাবাহিক উন্নয়নে মানুষের জীবনধারা পরিবর্তনের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং কমলা হ্যারিস মহাকাশ গবেষণা, তথ্যপ্রযুক্তি এবং স্বাস্থ্যপরিষেবা খাতে পারস্পরিক সহযোগিতার বিষয়গুলো নিয়ে আলোচনা করেছেন। শিক্ষা ও জ্ঞানের বিস্তারের ক্ষেত্রে মেধা ও উদ্ভাবনী মূলক বিষয়গুলি নিয়ে দু'দেশের মধ্যে সহযোগিতা সম্পর্কে আলোকপাত করেছেন।

প্রধানমন্ত্রী ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ও ডগলাস এমহফ'কে ভারতে আসার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

ওয়াশিংটন ডিসি.

সেপ্টেম্বর 23, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.